

Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 07 July, 2025

লালমনিরহাট সদর উপজেলার শহরের হাড়িভাঙায় দরগার পাড় প্রাথমিক বিদ্যালয়ের একটি শ্রেণিকক্ষ থেকে মো. সাইফুল ইসলাম (৪৩) নামে এক নৈশপ্রহরীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।

সোমবার (৭ জুলাই) সকালে হাড়িভাঙা দরগারপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি শ্রেণিকক্ষ থেকে তার মরদেহটি উদ্ধার করা হয়। মৃত সাইফুল ইসলাম হাড়িভাঙা এলাকার মৃত আব্দুল গফুরের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, নিহত সাইফুল ঋণে জর্জরিত ছিলেন। প্রায় ১২ লাখ টাকার সম্পত্তি বিক্রি করেও তার ঋণশোধ করতে পারেননি। তাই তিনি সব সময় খুবই চিন্তিত ও বিষন্ন থাকতেন। সোমবার সকালে স্কুলের শিক্ষক ও এলাকাবাসী প্রধান শিক্ষকের কক্ষের পাশে থাকা শ্রেণিকক্ষে ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় তার মৃতদেহ দেখতে পায়। পরে পুলিশকে খবর দিলে পরে সদর থানা পুলিশ এসে তার মৃতদেহ উদ্ধার করে।

হাড়িভাঙা দরগারপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ছায়া বেগম বলেন, সকাল বেলা ফোন পেয়ে আমি স্কুলে এসে সাইফুলের মৃতদেহ ঝুলন্ত অবস্থায় দেখতে পাই। পরিবার ময়নাতদন্ত ছাড়াই লাশ নেয়ার দরখাস্ত করেছে।

লালমনিরহাট সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ নূরনবী বিষয়টি নিশ্চিত করে জানান, ঋণের বোঝা টানতে না পেয়ে তিনি আত্মহত্যা করেছেন বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। তিনি আরো বলেন, পরিবার ময়নাতদন্ত ছাড়া লাশ হস্তান্তরের দরখাস্ত করায় লাশ হস্তান্তর করেছে। এ ঘটনায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা হয়েছে।

মরদেহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 11:14

URL: <https://timestodaybd.com/public/rangpur/4412775807>